



কার্যালয়

জোনাল কমান্ডার ঢাকা জোন
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.coastguard.gov.bd

বিজ্ঞপ্তি

৪৪.০৮.২৬৮০.১০০.৩০.০৩০.২১.৫৫৬ তারিখ ০২ মে ২০২১।

২০২১-২০২২ অর্থ বছরের জন্য বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোনের সরবরাহকারী ও ঠিকাদার তালিকাভুক্তি এবং নবায়ন প্রসঙ্গে

১। বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোন, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ এর জন্য ২০২১-২০২২ অর্থ বছরে নিম্ন বর্ণিত শ্রেণীর আগ্রহী সরবরাহকারী/ঠিকাদারদের তালিকাভুক্তির আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

শ্রেণী 'ক' সকল প্রকার পণ্য সামগ্রী (Goods) সরবরাহকারী প্রতিষ্ঠান (ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে The Bengal Drug Rules 1946, Form 9 থাকা বাধ্যতামূলক)।

শ্রেণী 'খ' অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি মেরামত প্রতিষ্ঠান (কম্পিউটার, প্রিন্টার, পিপিএস মেশিন, টিভি, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, মাল্টিমিডিয়া, ক্যামেরা ও ভিডিও ক্যামেরা, ইউপিএস, আইপিএস, নোট কাউন্টিং, সাইক্লোস্টাইল মেশিন ইত্যাদি)।

শ্রেণী 'গ' মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ/জলযান মেরামতকারী প্রতিষ্ঠান।

২। 'ক' শ্রেণীভুক্ত সকল সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে মুসক-২.৩ ফরম Procurement Provider হিসাবে এবং খ ও গ শ্রেণীভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট বিষয়ে মুসক-২.৩ ফরমে নিবন্ধিত হতে হবে।

৩। দরপত্রে অংশগ্রহণের জন্য এক শ্রেণীতে নিবন্ধিত হয়ে অন্য শ্রেণীতে অংশগ্রহণ করা যাবে না। প্রত্যেক শ্রেণীর জন্য আলাদা আলাদাভাবে ফি প্রদানপূর্বক তালিকাভুক্ত হতে হবে এবং সংশ্লিষ্ট মুসক ফরমে নিবন্ধিত হতে হবে।

৪। তালিকাভুক্তি ও নবায়ন ফিঃ

ক। শ্রেণী ভিত্তিক তালিকাভুক্তি ফি টাকা ৫,০০০/০০ (টাকা পাঁচ হাজার মাত্র) (অফেরৎযোগ্য)।

খ। শ্রেণী ভিত্তিক নবায়ন ফি টাকা ২,০০০/০০ (টাকা দুই হাজার) (অফেরৎযোগ্য)।

৫। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে জোনাল কমান্ডার ঢাকা জোন বরাবর স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। এছাড়াও আবেদনপত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানা, টেলিফোন/রেজিস্টার্ড মোবাইল নম্বর ও ই-মেইল আইডি ইত্যাদি থাকতে হবে। আবেদনপত্রের সাথে নির্ধারিত ফি অনুযায়ী প্রয়োজনীয় পে-অর্ডার (**DRAWING AND DISBURSING OFFICER DHAKA ZONE**) বরাবর করতঃ সংযুক্ত করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবেঃ

ক। ট্রেড লাইসেন্সের হালনাগাদ কপি।

খ। হালনাগাদকৃত ইনকাম ট্যাক্স সার্টিফিকেট ও সর্বশেষ আয়কর রিটার্নের জমা প্লিপের সত্যায়িত কপি।

গ। ভ্যাট নিবন্ধন সনদের কপি।

ঘ। ব্যাংক সক্ষমতার সনদপত্র (হালনাগাদ) এবং গত ০৬ মাসের ব্যাংক লেনদেন স্টেটমেন্ট।

ঙ। সরবরাহকারী/ঠিকাদার হিসেবে অন্য কোন সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিবরণ।

চ। প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।

ছ। পে-অর্ডার।

জ। ড্রাগ লাইসেন্স (ঔষধ সরবরাহকারীর ক্ষেত্রে)।

ঝ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঞ। প্রাধিকার প্রাপ্ত (Authorised) প্রতিনিধির নমুনা (Speciman) স্বাক্ষর (০৩ টি)।

ট। ইতিপূর্বে কোন সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার মালামাল সরবরাহে ব্যর্থ বা অন্যকোন কারণে কালো তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিবরণ।

৭। বর্তমানে তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদার প্রতিষ্ঠান সমূহ নবায়ন এবং নতুন ভাবে তালিকাভুক্তির জন্য আবেদন আগামী ৩০ মে ২০২১ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

৮। জোনাল কমান্ডার ঢাকা জোন কোন কারণ দর্শানো ব্যতীত আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

স্টাফ অফিসার লজিস্টিকস্

